দৈনিক
ইনকিলাব

তারিখ 16 AUG 2009
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি ক্যাম্পাসে ঢুকতে পারেনি ছাত্রদল

## ছাত্রলীগ কর্মীদের হামলায় ২ ছাত্রদল নেতা আহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের যুগ্ম আহবায়ক আব্দুর রহিম সেতুসহ দুই ছাত্রদল নেতাকে কুপিয়েছে ছাত্রলীগ। আহত অপর ছাত্রদল নেতা হলেন জহুরুল হক হলের সামসুজ্জোহা সুমন। গতকাল (শনিবার) মধুর ক্যান্টিনে ছাত্রলীগ অতর্কিতভাবে এই হামলা চালায়। এরপর পুরোদিন ছাত্রদলকে ক্যাম্পাসে ঢুকতে দেয়নি ছাত্রলীগ কর্মীরা। সংশ্লিষ্ট সূত্র জানায়, গতকাল সকাল ১১টার দিকে ছাত্রদল নেতা সুমন মধুর ক্যান্টিনে গেলে ছাত্রলীগের কর্মীরা তাকে ক্যান্টিন থেকে বেরিয়ে যেতে বলে। কারণ জানতে চাইলে ছাত্রলীগের কয়েকজন কর্মী অতর্কিতভাবে তার উপর হামলা চালায়। এসময় ছাত্রদলের বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহবায়ক আব্দুর রহিম সেতু মধুর ক্যান্টিনে প্রবেশ করলে কিছু বুঝে ওঠার আগেই ছাত্রলীগ কর্মীদের অতর্কিত হামলার শিকার হন তিনি। ছাত্রলীগ কর্মীরা চাপাতি, রড ও লাঠি নিয়ে এই হামলা চালায়। আশংকাজনক অবস্থায় সেতুকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরে ইসলামী ব্যাংক হাসপাতালে স্থানান্তর করা হয়। প্রাথমিক চিকিৎসা দেয়া হয় ছাত্রদল নেতা সুমনকে। ছাত্রদলের অভিযোগ, সকাল থেকে ছাত্রলীগ ছাত্রদলের উপর হামলা করার জন্য ওঁত পেতে ছিল। দিনভর তারা ক্যাম্পাসে সশস্ত্র পাহারা দিয়েছে। ছাত্রদলের ঢাবি শাখার সিনিয়র যুগ্ম আহবায়ক ওবায়দুল হক নাসির বলেন, প্রতিদিনের মতো কালও ক্যাম্পাসে যাওয়ার পথেই তিনি এ হামলার খবর শুনতে পান। কোন কারণ ছাড়াই ছাত্রলীগ ক্যাম্পাসে এ হামলা চালিয়েছে। ক্যাম্পাসে কাল তাদের কোন কর্মসূচি ছিল না বলেও জানান তিনি। ছাত্রলীগের ঢাবি শাখার এক শীর্ষ নেতা জানান, জহুরুল হলসহ কয়েকটি হলের জুনিয়র কর্মীরা এ হামলা চালায়। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার জন্মদিনে ছাত্রদল কোন কর্মসূচি পালন করতে পারে এ আশংকায় ছাত্রলীগ এ হামলা চালায়। আগে থেকেই ছাত্রলীগের প্রস্তুতি ছিল বলেও জানান তিনি। এদিকে এ ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন ছাত্রদল সভাপতি সুলতান সালাহ উদ্দিন টুকু ও সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম আলিম এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহবায়ক আব্দুল মতিন ও সিনিয়র যুগ্ম আহবায়ক ওবায়দুল হক নাসির। পৃথক পৃথক বিবৃতিতে তারা ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করেছেন।